

## আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষ্যে জাতিসংঘ মহাসচিব কফি আনানের বাণী

১২ আগস্ট, ২০০৪

এ বছর আন্তর্জাতিক যুব দিবসের প্রতিপাদ্য হলো “আন্তঃপ্রজন্ম সমাজে যুব সম্প্রদায়”। আজকের বিশ্বে যুবকদের সংখ্যা অন্য যে কোন সময়ের চেয়ে অনেক বেশী, জনসংখ্যার প্রায় অর্ধেকই ২৫ বছর বয়সের নিচে। একই সাথে ২০৫০ সালের মধ্যে ৬০ বা তদুর্ধ্ব বয়সী মানুষের সংখ্যা তিনগুন বেড়ে প্রায় ১৯০ কোটি হবে। ভবিষ্যতের প্রস্তুতির জন্য আমাদেরকে এখনই বিভিন্ন প্রজন্মের মধ্যে সৌহার্দ্যের উন্নয়ন ঘটাতে হবে।

সর্বত্র যুব সম্প্রদায় কর্মক্ষেত্র, সমাজ ও পরিবারে উৎপাদনমুখী, অর্থবহ জীবনের জন্য প্রস্তুত হচ্ছে। সফলতা লাভের জন্য তাদের প্রয়োজন শিক্ষা ও স্বাস্থ্য সেবার সুযোগ। তাদেরকে এইচআইভি/এইডস, মাদকের অপব্যবহার, অপরাধ ও বেকারত্বের বাধা অতিক্রম করতে হবে। এসব প্রতিবন্ধকতা জীবনের গুরুত্বপূর্ণ ধাপে বহু যুবক-যুবতীর সম্ভাবনা নষ্ট করে দেয়।

আজ থেকে দু-দশক পরে এরাই মধ্য প্রজন্ম পরিণত হবে, এবং যারা তাদের প্রতি নির্ভরশীলদের সহায়তা করবে- শুধু তাদের সম্ভান-সম্মতিদের নয় একই সাথে তাদের পিতামাতারও দেখাশোনা করবে। দায়িত্ব পালনের ক্ষেত্রে তারা এই গুরুত্ব উপলব্ধি করে কিন্তু এটা করতে তারা তখনই সক্ষম হবে, যদি আমরা এখনই তাদের জন্য বিনিয়োগ করি এবং তাদেরকে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা দিয়ে যোগ্য করে গড়ে তুলতে পারি।

অধিকাংশ সমাজে প্রবীণ প্রজন্ম সক্রিয়ভাবে অবদান রাখে, তারপরও বিভিন্ন প্রজন্মের মধ্যে নির্ভরশীলতা আরো বৃদ্ধি পাবে। আমাদের বিশ্বের এগিয়ে যাওয়াও যুব সমাজের বিষয়। বিশ্বব্যাপী প্রবীণদের সমস্যা যুব সম্প্রদায়ের ভাবনার বিষয়। ১৯৯৫ সালে গৃহীত “২০০৫ সাল ও তৎপরবর্তী যুব সমাজের জন্য বিশ্ব কর্মসূচী”র দশ বছর পর্যালোচনার অংশ হিসাবে সাধারণ পরিষদ আগামী বছর এ বিষয়টি আলোচনা করবে।

আন্তর্জাতিক যুব দিবস পালনের ৫ম বার্ষিকীর দিন, আসুন আমরা বিভিন্ন প্রজন্মের মধ্যে আন্তঃ নির্ভরশীলতা উদযাপন করি এবং স্বীকার করি যে সমাজের প্রতিটি সদস্যেরই সমাজকে কিছু দেওয়ার এবং সমাজ থেকে কিছু পাওয়ার অধিকার রয়েছে। আন্তঃপ্রজন্ম সৌহার্দ্যের অর্থ হলো আমরা সকলে মিলে কাজটি করব। তৃতীয় বিশ্ব যুব উৎসবের জন্য বার্সিলোনা সমবেত যুবক যুবতীসহ আন্তর্জাতিক যুব দিবস উদযাপনকারী প্রত্যেককে যার যার দায়িত্ব পালন করার আহ্বান জানাই। আসুন আমরা সকল মানুষের জ্ঞান ও দক্ষতা নিয়ে সকল বয়সী মানুষের জন্য সমাজ গড়ে তুলি।

\*\* \* \*\*